RAMANANDA COLLEGE
BISHNUPUR * BANKURA
Pin – 722122, West Bengal
UGC Recognized & State Government Aided Constituent College
Under the Bankura University
(Accredited by NAAC at B++ Level in 2021)

e-mail -principal@ramanandacollege.org
Website- www.ramanandacollege.ac.in
Mobile- 6297976619

Ref. No.- RNC/49/11/2026-27(368) **Date- 18.11.2026**

বিজ্ঞপ্তি

বিষয়: বিশ্ব ঐতিহ্য সপ্তাহ ২০২৬ উদযাপন (১৯ - ২৫ নভেম্বর, ২০২৬)

এতদ্বারা রামানন্দ কলেজের সকল ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, কলেজের ইতিহাস বিভাগ ও IQAC-এর যৌথ উদ্যোগে আগামী ১৯ নভেম্বর থেকে ২৫ নভেম্বর, ২০২৬ পর্যন্ত বিশ্ব ঐতিহ্য সপ্তাহ উদযাপিত হতে চলেছে। এই উপলক্ষে আমাদের সমৃদ্ধ ঐতিহাসিক ও সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, সুরক্ষা এবং তার প্রসারের গুরুত্ব সম্পর্কে সচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে।

উক্ত কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠান আগামী ১৯ নভেম্বর, ২০২৬, বৃহস্পতিবার, দুপুর ১টায় কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য বিষ্ণুপুরের মহকুমা শাসক মহাশয়কে আমন্ত্রণ জানানো হয়েছে।

এই পরিপ্রেক্ষিতে কলেজের সকল ছাত্রছাত্রীকে উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকার এবং সপ্তাহব্যাপী আয়োজিত বিভিন্ন কর্মসূচিতে সক্রিয়ভাবে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।

(ড. সুদীপ্ত কুমার ঘোড়ই)
অধ্যক্ষ
রামানন্দ কলেজ
বিষ্ণুপুর, বাঁকুড়া

অধ্যক্ষ
রামানন্দ কলেজ
বিষ্ণুপুর বাঁকুড়া